



হাওর এলাকায় আগাম ধান-চাল সংগ্রহ কার্যক্রম শুরু করছে সরকার



সংগৃহীত ছবি

হাওরাঞ্চলের ক্ষতিগ্রস্ত কৃষকদের কাছ থেকে বোরো ধান ও চাল সংগ্রহ কার্যক্রম আগামী রবিবার থেকে শুরু করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। জলোচ্ছ্বাসে ক্ষতিগ্রস্ত কৃষকদের সহায়তার অংশ হিসেবে এ উদ্যোগ নেওয়া হয়েছে।

খাদ্য মন্ত্রণালয়ের সিনিয়র তথ্য অফিসার ও জনসংযোগ কর্মকর্তা ইমদাদ ইসলাম এক বিজ্ঞপ্তিতে জানান, হাওর এলাকার কৃষকদের উৎপাদিত ধান ও চাল সংরক্ষণ এবং ন্যায্য দামে বিক্রির সুযোগ নিশ্চিত করতে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এ উদ্যোগের আওতায় নেত্রকোণা, কিশোরগঞ্জ, সুনামগঞ্জ, সিলেট, মৌলভীবাজার ও হবিগঞ্জ—এই ছয় জেলার কৃষকদের কাছ থেকে ধান ও চাল সংগ্রহ করা হবে। পূর্ব নির্ধারিত ১৫ মে'র পরিবর্তে হাওর এলাকায় সংগ্রহ কার্যক্রম এগিয়ে এনে আগামী ৩ মে থেকেই শুরু হচ্ছে।

দেশের অন্যান্য জেলার ক্ষেত্রে পূর্বঘোষিত সময়সূচিই বহাল থাকবে। সেখানে ৩ মে থেকে ধান এবং ১৫ মে থেকে চাল সংগ্রহ শুরু হবে।

সরকার জানিয়েছে, আসন্ন বোরো মৌসুমে মোট ১৮ লাখ মেট্রিক টন ধান ও চাল সংগ্রহ করা হবে। এর মধ্যে ৫ লাখ মেট্রিক টন ধান, ১২ লাখ মেট্রিক টন সিদ্ধ চাল এবং ১ লাখ মেট্রিক টন আতপ চাল অন্তর্ভুক্ত রয়েছে।

প্রতি কেজি ধানের সংগ্রহ মূল্য নির্ধারণ করা হয়েছে ৩৬ টাকা, সিদ্ধ চাল ৪৯ টাকা এবং আতপ চাল ৪৮ টাকা। পাশাপাশি ৩৬ টাকা কেজি দরে ৫০ হাজার মেট্রিক টন গমও সংগ্রহ করা হবে। পুরো সংগ্রহ কার্যক্রম চলবে আগামী ৩১ আগস্ট পর্যন্ত।